

# আনান্সি এবং জ্ঞান

 Ghanaian folktale

 Wiehan de Jager

 Asma Afreen

 3

 বাংলা bn

দীর্ঘদিন আগে মানুষ কিছুই জানত না। তারা জানত না যে ফসল কিভাবে রোপণ করতে হয়, বা কাপড় কিভাবে বুনতে হয়, কিংবা লোহার সরঞ্জাম কিভাবে তৈরি করতে হয়। আকাশে নিয়াম দেব এর কাছে সমগ্র বিশ্বের জ্ঞান ছিল। তিনি একটি কাদামাটির পাত্রে এটি নিরাপদে রেখেছিলেন।

একদিন নিয়াম সিদ্ধান্ত নিলেন যে তিনি আনালিকে জ্ঞানের পাত্রটি দিবেন। প্রত্যেক সময় আনালি কাদামাটির পাত্রে তাকালে তিনি নতুন কিছু শিখতেন। এটি অনেক উত্তেজনাপূর্ণ ছিল।

লোভী আনালি ভাবল, “আমি একটি লম্বা বৃক্ষের উপড়ে পাত্রটি নিরাপদে রাখব। তাহলে এটি সম্পূর্ণ আমার হবে!” তিনি একটি দীর্ঘ সুতা দিয়ে মাটির পাত্রটির চারপাশে ঘুরিয়ে নিজের পেটের সাথে বাঁধলেন। তিনি গাছ চড়তে শুরু করলেন। কিন্তু পাত্রটি সবসময় তার হাঁটুতে আঘাত করার কারণে গাছে চড়তে অনেক অসুবিধা হচ্ছিল।

আনাল্লির ছোট ছেলে গাছের নিচে দাঁড়িয়ে সব দেখছিল। সে বলল, “পাত্রটি তোমার পিঠে বাঁধলে কি তোমার চড়তে সুবিধা হতো না? আনাল্লি জ্ঞানে ভরা মাটির পাত্রটি তার পিঠে বেঁধে চেষ্টা করে দেখলেন, এবং এটি সত্যিই অনেক সহজ হল।

তৎক্ষণাৎ তিনি গাছের উপর পৌঁছালেন। কিন্তু তারপর তিনি থামলেন এবং ভাবলেন, “আমার কাছেইতো সব জ্ঞান থাকার কথা, আর সেখানে কিনা আমার ছেলে আমার থেকে বেশি বুদ্ধিমান!” আনালি এতটাই রেগে গেলেন যে তিনি গাছ থেকে মাটির পাত্রটি নিচে ছুঁড়ে ফেলে দিলেন।

এটি মাটিতে পড়ে টুকরো টুকরো হয়ে গেল। জ্ঞান সবার মাঝে  
উন্মুক্ত হয়ে গেল ভাগ করে নেওয়ার জন্য। এবং এভাবেই মানুষ  
কৃষিকাজ করতে, বস্ত্র বুনন করতে, লোহার সরঞ্জাম বানাতে এবং  
অন্য যা কিছু মানুষ পারে তা করতে শিখল।



# Global Storybooks

[globalstorybooks.net](http://globalstorybooks.net)

## আনালি এবং জ্ঞান

-  Ghanaian folktale
-  Wiehan de Jager
-  Asma Afreen

